দৈনিক ইনকিলাব

OCT. 1 1 1999

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ১৪ ... কলাম ... ২ ......

০৪

# মাধ্যমিক শিক্ষার সকল পর্যায়ে মাধ্যমিক শিক্ষক কর্মকর্তাদের নিয়োগ দাবী

প্রেস বিজ্ঞপ্তি ঃ বাংলাদেশ সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতির মহাসচিব মোঃ নজরুল ইসলাম এক বিবৃতিতে সম্প্রতি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক জারীকৃত স্মারক নং ৭-এ/সম৯৮/১১১৬৫৭/৩৫০ সম তাং-২৩/৯/৯৯-এর সার্কুলারটির কঠোর সমালোচনা ও তীব্র প্রতিবাদ জানিয়েছেন। ঐ সার্কুলারটির মাধ্যমে সহকারী শিক্ষকগণের নিয়মিত পদোন্নতির অধিকার কেড়ে নেয়া হয়েছে। কারণ যেখানে ৩/৪ বছর আগে মাউশি অধিদপ্তর কর্তৃক প্রণীত এবং শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত একটি জ্যেষ্ঠতা তালিকা রয়েছে এবং দুই বছর আগে শতাধিক সহকারী শিক্ষক-শিক্ষিকাকে উক্ত জ্যেষ্ঠতা তালিকা অনুযায়ী পদোন্নতিও দেয়া হয়েছে। কিন্তু তারপর থেকে মাধ্যমিক শিক্ষার বিভিন্ন পর্যায়ে শত শত পদ খালি থাকা সত্ত্বেও বিশেষ করে সহকারী প্রধান শিক্ষক পদে পদোন্নতির জন্য জ্যেষ্ঠতা তালিকা অনুযায়ী পিএসসি'তে নিয়মিত পদোন্নতির কোন কার্যক্রম গ্রহণ করা হয়নি। বরং শূন্য পদগুলোতে দুর্নীতি ও স্বজনপ্রীতির মাধ্যমে কলেজ শিক্ষক প্রশাসিত প্রশাসকদের আর্থিক সুবিধা গ্রহণের মাধ্যমে পদোন্নতি দেয়া হচ্ছে। তিনি মনে করেন, আসলে এই ব্যবস্থা মাধ্যমিক শিক্ষা ও শিক্ষকদের বিরুদ্ধে একটি সুদূরপ্রসারী চক্রান্ত ছাড়া আর কিছুই নয়। কারণ স্ব-বেতনে পদোন্নতির মাধ্যমে শিক্ষকগণ নিয়মিত পদোন্নতি ছাড়াও ফিডার পদে অভিজ্ঞতা থেকে বঞ্চিত হওয়ার কারণে পরবর্তিতে উচ্চপদে পদোন্নতির সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। অন্যদিকে উচ্চপদে চার্জে থাকার কারণে চার্জ এলাউন্স পাওয়ার বিধান রয়েছে। কিন্তু স্ব-বেতনে পদায়নের কারণে চার্জ এলাউন্স থেকেও শিক্ষকরা বঞ্চিত হচ্ছেন। মোটকথা এই অবস্থা চলতে থাকলে আগামী দু'-এক বছরের মধ্যে প্রধান শিক্ষক ও জেলা শিক্ষা অফিসার এমনকি স্কুল পরিদর্শক-পরিদর্শিকা ও উপ-পরিচালকের পদোন্নতির জন্য মাধ্যমিক শিক্ষার কোন কর্মকর্তা পাওয়া যাবে না। আর এই সুবাদে উক্ত পদসমূহে কলেজ শিক্ষকদের পদায়নের সুযোগ সৃষ্টি হবে। অতএব নজরুল ইসলাম অবিলম্বে জ্যেষ্ঠতা তালিকা অনুযায়ী বিভিন্ন পর্যায়ে শূন্য পদ পূরণ করার দাবী জানিয়ে নিয়োগবিধি দ্রুত সংশোধনের দ্বারা মহাপরিচালক ও পরিচালকসহ মাধ্যমিক শিক্ষার সকল পর্যায়ে মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাদের নিয়োগের মাধ্যমে স্বতন্ত্র মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর প্রতিষ্ঠার জোর দাবী জানান। অন্যথায় আগামী ৩১ অক্টোবর জাতীয় প্রেসক্লাবে সাংবাদিক সম্মেলনের মাধ্যমে সমিতি বৃহত্তর কর্মসূচী ঘোষণা করতে বাধ্য হবে।